

## ACADEMIC DEPARTMENTS

### Department of Bengali

The Department of Bengali was established in 1964. The Honours stream was introduced 4 years later. The departmental library has a collection of 300 books. To give a well-rounded education to the students of this department in addition to the academic courses cultural programmes are employed. The entire department participates on Bhasha Dibas (Celebration of the Mother Tongue) at times with a seminar graced by eminent personalities, at others with variety functions (musical events, dance dramas, recitation, etc.). This department prides itself on the large number of students who pursue higher studies every year. The department is also proud of those students who became graduate with 1st class honours. Department passionately organises cultural programmes and makes arrangements for academic tours. All the students of Bengali department participated in this programme. To make students learn their lesson more lucidly, there are classes held at SMART ROOM with audiovisual aids, Power-Point presentations and Sound-proof technology. The PG Course in Bengali has been started from 2017 - 18 session.

### বাংলা বিভাগ (স্নাতক ও স্নাতকোত্তর) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের প্রতিবেদন

প্রভু জগবন্ধু কলেজের বাংলা বিভাগ প্রতি বছরই নানারকম অনুষ্ঠানের আয়োজন করে থাকে। স্বাভাবিক নিয়মেই ২০১৯-২০ শিক্ষাবর্ষেও বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করেছিল। তার মধ্যে প্রথমেই উল্লেখ করা যায় 'অভিভাবক সভা'র কথা। 'অভিভাবক সভা' শিক্ষক সমাজ, শিক্ষার্থী সমাজ এবং সর্বোপরি, কলেজের স্বাস্থ্যকর পরিবেশ বজায় রাখতে দারুণভাবে সহায়ক হয়ে উঠে। শিক্ষাবর্ষের শুরুতেই বিভাগ এই সভার আয়োজন করে থাকে। সেইমত গত ২০-০৯-২০১৯ তারিখে বিভাগের পক্ষ থেকে এই 'অভিভাবক সভা'র আয়োজন করা হয়। এছাড়া, গত ০৬-০৯-২০১৯ তারিখে বিভাগের ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের নিয়ে 'শিক্ষক দিবস' উদ্‌যাপন করা হয়। শিক্ষক দিবসের তাৎপর্য ও গুরুত্ব নিয়ে বিভিন্ন অধ্যাপকদের আলোচনার পাশাপাশি ছাত্র-ছাত্রীদের দ্বারা নাচ-গান, কবিতা-আবৃত্তি এবং নাটক দিয়ে সাজানো একটি সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছিল। অপরদিকে, ২০১৯ সাল বাংলা ভাষা ও সাহিত্যের একটি গুরুত্বপূর্ণ বছর। এই বছরটি বাংলা ভাষা ও সাহিত্যের প্রবাদ-প্রতীম ব্যক্তিত্ব ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের দু'শো বছর পূর্তির বছর। এই বছরটিকে স্মরণীয় করে তুলতে বাংলা বিভাগ গত ১৯-০২-২০২০ তারিখে একটি 'জাতীয় স্তরের আলোচনাচক্র'র আয়োজন করে। বিষয় নির্বাচন করা হয়েছিল 'দ্বিশতজন্মবর্ষে বিদ্যাসাগর : ফিরে দেখা'। এই অনুষ্ঠানের উদ্বোধক ছিলেন কলেজের অধ্যক্ষ ড. সুরতকুমার রায়। সূচক ভাষণ প্রদান করেন বিভাগের বিভাগীয় প্রধান ড. সুধাংশুকুমার সরকার। এছাড়া অনুষ্ঠানে অতিথি বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ড. শক্তিসাধন মুখোপাধ্যায়, ড. সনৎকুমার নস্কর, ড. মীর রেজাউল করিম প্রমুখ। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনায় ছিলেন বিভাগের ছাত্র-ছাত্রীবৃন্দ। অন্যদিকে, 'ভাষাদিবস' বাংলা বিভাগের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অনুষ্ঠান। অত্যন্ত উৎসাহ ও উদ্দীপনার সাথে এই দিনটি বিভাগ স্মরণ করে থাকে। এবছর 'অমর একুশে' উদ্‌যাপনে প্রধান বক্তা হিসেবে আমন্ত্রিত ছিলেন রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রাক্তন বিভাগীয় প্রধান ড. কানন বিহারী গোস্বামী। এই মনোজ্ঞ অনুষ্ঠানে কলেজের অধ্যক্ষ মহাশয় ও অন্যান্য বিভাগের অধ্যাপক-অধ্যাপিকাদের উজ্জ্বল উপস্থিতি ছিল চোখে পড়ার মত। সমগ্র অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন বিভাগের অধ্যাপক শ্রীজিতা বসু ও সুমন চট্টোপাধ্যায়। পাশাপাশি ছাত্র-ছাত্রীদের দ্বারা একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছিল যা 'অমর একুশে' অনুষ্ঠানটিকে একটি অন্যমাত্রা দান করে। আমরা সকলেই জানি 'করোনা' নামক মারাত্মক ভাইরাসের দ্বারা আক্রান্ত আজ সমগ্র বিশ্ব। মানতে হচ্ছে সামাজিক দূরত্ব। দীর্ঘ লকডাউনে ক্লাস্ত সকলেই। এমতাবস্থায় বাংলা বিভাগ কলেজ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে তার গঠনমূলক ভাবনা চিন্তাকে কীভাবে ছাত্র-ছাত্রী মহলে